

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৬২৫


তারিখ: ০৮ জুলাই, ২০২৫ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি উপজেলায় একজন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও একজন হিসাব সহকারী এবং তিনজন মাঠ সংগঠক কর্মরত রয়েছেন। ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত) মোতাবেক প্রত্যেক কর্মচারীকে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে অর্পিত দায়িত্ব পালনের বাধ্যবাধকতা রয়েছে। কর্মসূচিভূক্ত সকল কর্মচারীদের কর্মস্থলে অবস্থান করার জন্য অত্র দপ্তর থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হলেও ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক কর্মচারী কর্মস্থলে অবস্থান না করে পার্শ্ববর্তী জেলা/উপজেলায় অবস্থান করছেন। এতে করে নিবিড় তদারকীর যেমন ঘাটতি তৈরি হচ্ছে তেমনি কার্যক্রমে কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জনও সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, ইরেসপো কর্মসূচিভূক্ত সকল কর্মচারীগণকে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করে অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। প্রকল্প থেকে প্রদত্ত দাপ্তরিক মোবাইল সিম ট্র্যাকিং/প্রাপ্ত তথ্য অনুযায়ী যদি কোন কর্মচারীকে অননুমোদিতভাবে কর্মস্থলের বাহিরে পাওয়া যায়, তাহলে তাঁর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক/বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্মসূচি তথা বিআরডিবি'র স্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপরিচালক বিআরডিবি(প্রকল্পভূক্ত জেলা); [তাঁর জেলায় কর্মরত কর্মসূচির জনবলের সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান নিশ্চিত করার অনুরোধসহ];
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি.....(সংশ্লিষ্ট উপজেলা) [তাঁর উপজেলায় কর্মরত কর্মসূচির জনবলের সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান নিশ্চিত করার অনুরোধসহ];
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,.....(সংশ্লিষ্ট উপজেলা);
৭. অফিস নথি।